

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৭. দ্বিতীয় অনুচ্ছেদ - রমাযান মাসের ক্নিয়াম (তারাবীহ সালাত)

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: فَقَدْتُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةً فَإِذَا هُوَ بِالْبَقِيعِ فَقَالَ أَكُنْتِ تَخَافِينَ أَنْ يَحِيفَ اللَّهُ عَلَيْكِ وَرَسُولُهُ؟ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي ظَنَنْتُ أَنَّكَ أَتَيْتَ بَعْضَ نِسَائِكَ فَقَالَ: إِنَّ اللَّهَ تَعَالَى يَنْزِلُ لَيْلَةَ النِّصنْفِ مِنْ شَعْبَانَ إِلَى السَّمَاءِ الدُّنْيَا فَيَغْفِرُ لِأَكْثَرَ مِنْ عَدَدِ شَعْرِ غَنَمِ كَلْبٍ رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَزَادَ رَزِينٌ: «مِمَّنِ اسْتَحَقَّ النَّارَ» وَقَالَ التِّرْمِذِيُّ: سَمِعْتُ مُحَمَّدًا يَعْنِي البُخَارِيّ يضعف هَذَا الحَدِيث

বাংলা

১২৯৯-[৫] উম্মুল মু'মিনীন 'আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার আমি রাত্রে রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বিছানায় খুঁজে না পেয়ে তাঁকে খুঁজতে খুঁজতে হঠাৎ জান্নাতুল বাকীতে দেখতে পেলাম। আমাকে দেখে তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি কি আশংকা করেছিলে যে, আল্লাহ ও রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তোমার ওপর অবিচার করবে? আমি আবেদন করলাম, হে আল্লাহর রসূল! আমি মনে করেছিলাম আপনি আপনার কোন বিবির নিকট গিয়েছেন। তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, ('আয়িশাহ্!) আল্লাহ তা'আলা শা'বান মাসের পনের তারিখের রাত্রে প্রথম আকাশে নেমে আসেন। বানু কালব গোত্রের (বকরীর) দলের পশমের সংখ্যার চেয়েও বেশী পরিমাণ গুনাহ ক্ষমা করে দেন। (তিরমিয়ী, ইবনু মাজাহ; রয়ীন অতিরিক্ত বর্ণনা করেছেন ''যাদের জন্য জাহান্নাম অবধারিত হয়েছে তাদের মধ্য থেকে''। আর তিরমিয়ী বলেছেন, আমি ইমাম বুখারীকে এ হাদীসটি দুর্বল হিসেবে উল্লেখ করতে শুনেছি)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়া ৭৩৯, ইবনু মাজাহ্ ১৩৮৯, দারাকুত্বনী ৮৯, শু'আবুল ঈমান ৩৮২৬, শারহুস্ সুন্নাহ্ ৯৯২। এর সানাদে বিচ্ছিন্নতা রয়েছে, কারণ ইয়াহ্ইয়া ইবনু আনবী কাসীর 'উরওয়াহ্ থেকে শুনেননি।

ব্যাখ্যা



ব্যাখ্যা: আলোচ্য হাদীসে بقيع الغرقد (বাকী') দ্বারা উদ্দেশ্য হলো بقيع الغرقد (বাকী'উল গারকাদ), গারকাদ এক প্রকার গাছের নাম। সুতরাং بقيع الغرقد এর অর্থ হলো গারকাদ গাছ বিশিষ্ট সুপরিসর স্থান। এটি মদীনার উপকপ্তের একটি স্থানের নাম এবং সেখানে মদীনাবাসীদের কবর রয়েছে। আর সেখানে গারকাদ গাছ থাকার কারণে তার নাম এবং গোরকাদ) রাখা হয়েছিল। (পরবর্তীতে তা জান্নাতুল বাকী নাম ধারণ করে।)

(فَيَغْفِرُ لِأَكْثَرَ مِنْ عَدَرِ شَعْرِ غَنَمِ كَلْبٍ वलाठ तानी कानत शावतक तूबाता राखि । عُنَمِ كَلْبٍ वालाठ रानीत्म तानी कानतक निर्मिष्ठ कतात कात्र राला ममन्न वात्र तानी कानतक निर्मिष्ठ कतात कात्र राला ममन्न वात्र तानी कानतक निर्मिष्ठ कतात कात्र राला ममन्न वात्र तानी कानतक शाद्ध उठनती श्री रूप्त वानी रुप्त ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন